দৈনিক ইত্তেফাক

২৮/৮/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...



*পুরস্কারপ্রাপ্ত তিন ছাত্র খন্দকার রাকিবুর রহমান (অলিভ), মোহাম্মদ আহসানুল আদীব এবং এসএম সাজেদুল হাসান (নাসিম)*

# আন্তর্জাতিক প্রতিযোগিতায় বুয়েটের তিন ছাত্রের শীর্ষস্থান দখল

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশের জন্য এক বিরল সম্মান নিয়া আসিয়াছে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ৩ জন ছাত্র। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ছাত্র-ছাত্রীদের

(২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## আন্তর্জাতিক প্রতিযোগিতায়

(শেষ পৃষ্ঠার পর)

জন্য আয়োজিত একটি আন্তর্জাতিক প্রতিযোগিতায় তাহারা প্রথম স্থান অধিকার করিয়াছে। মাইরন জাকার স্টুডেন্ট ডিজাইন কনটেস্ট নামের এই প্রতিযোগিতায় এই বছরই বাংলাদেশ তথা সমগ্র এশিয়া হইতে প্রথমবারের মত শীর্ষস্থান দখল করিয়াছে। ইহার আগে সব সময়ই পশ্চিমা দেশগুলির বিশ্ববিদ্যালয় বিভিন্ন স্থান দখল করিয়া আসিতেছিল।

বিরল সম্মানপ্রাপ্ত ছাত্ররা হইল, খন্দকার রাকিবুর রহমান (অলিভ), এসএম সাজেদুল হাসান (নাসিম) এবং মোহাম্মদ আহসানুল আদীব। তাহারা বুয়েটের তড়িৎ ও ইলেকট্রিক কৌশল বিভাগের শেষ বর্ষের ছাত্র। এসএম সাজেদুল হাসান (নাসিম) দৈনিক ইত্তেফাকের সিনিয়র রিপোর্টার শাহজাহান সরদারের জ্যেষ্ঠ পুত্র। খন্দকার রাকিবুর রহমানের পিতা খন্দকার হামিদুর রহমান একটি বহুজাতিক প্রতিষ্ঠানের ম্যানেজার এবং আহসানুল আদীবের পিতা মোহাম্মদ আবু ইউসুফ ঢাকা কলেজের ব্যবস্থাপনা বিভাগের প্রধান। প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভ করিয়াছে মার্কিন যুক্তরাষ্ট্রের ওহিও নর্দান ইউনিভার্সিটি এবং টেনেসী টেকনোলজিক্যাল ইউনিভার্সিটি। প্রতিযোগিতার আয়োজক দি ইনস্টিটিউট অব ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ার্সের (আইইইই) ইন্ডাস্ট্রি এপ্লিকেশনস সোসাইটি (আইএএস)। সংগঠনটি প্রতি বছর আন্তর্জাতিকভাবে এই প্রতিযোগিতার আয়োজন করিয়া থাকে। এ পর্যন্ত বাংলাদেশের ছাত্র-ছাত্রীরা দেশের জন্য যে সব আন্তর্জাতিক পুরস্কার লাভ করিয়াছে তাহার মধ্যে ইহা অন্যতম।

প্রতিযোগিতায় বুয়েটের ছাত্রদের প্রেরিত ডিজাইন প্রজেক্টটি ছিল 'ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট অফ এ মাইক্রোকন্ট্রোলার ইজ-বেইজড সলিড-স্টেট রিপেমেন্ট এনার্জি মিটার'। বুয়েটের অধ্যাপক ডঃ এসএম লুৎফুল কবীরের তত্ত্বাবধানে এবং সিমেন্স বাংলাদেশ লিমিটেডের সহযোগিতায় এই তিন মেধাবী তরুণ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

আগামী ৩০শে সেপ্টেম্বর হইতে ৪ঠা অক্টোবর পর্যন্ত যুক্তরাষ্ট্রের শিকাগোতে ১৩তম আইএএস বার্ষিক বৈঠক অনুষ্ঠিত হইবে। এই বৈঠকে ৩ জন ছাত্রকে পুরস্কৃত করা হইবে। অর্থ পুরস্কার ও সনদপত্র প্রদান করা ছাড়াও যাতায়াতের ব্যয়ভারের আংশিক বহন করা হইবে। ইহা ছাড়াও তাহারা ১ বছরের জন্য আইএএস-এর সদস্যপদ পাইবে।